



প্রথম “আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধ” নির্মাণ বাস্তবায়ন বিষয়ক

## প্রে স বি জ্ঞ প্তি

মহান ভাষাসৈনিকদের আত্মত্যাগ ও বিশ্বনন্দিত অনুপ্রেরণাকে বাঙ্গালিসহ সকল ভাষাভাষির কাছে স্মরণীয়, চির অম্লান ও চির অক্ষুণ্ণ করে রাখার ব্রত নিয়ে একুশে একাডেমী অস্ট্রেলিয়া (ইনক) কর্তৃক গৃহীত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধ নির্মাণ-এর উদ্যোগের প্রশাসনিক সকল কাজ সম্পন্নপ্রায়। অনতিবিলম্বে অ্যাশফিল্ড কাউন্সিলের তত্ত্বাবধানে নির্মাণ কাজ শুরু হয়ে ১৯শে ফেব্রুয়ারী ২০০৬ এর পূর্বেই পূর্ণাঙ্গ স্মৃতিসৌধ অ্যাশফিল্ড পার্ককে ঐতিহাসিক করে তুলবে বলে আমরা আশা করি। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধ এর সফল বাস্তবায়ন বিশ্বসমাজে বাঙ্গালি ও বাংলার অবস্থানকে বিশেষভাবে গৌরবান্বিত করার ক্ষেত্রে এক নতুন গৌরবময় অধ্যায়ের সূচনাসহ সকল ভাষাভাষির কাছে মাতৃভাষা সংরক্ষণে নতুন প্রেরণা যোগাবে। কালক্রমে বাঙ্গালির ২১শের ইতিহাস বিশ্বের সকল ভাষাপ্রেমীদের কাছে হয়ে উঠবে কিংবদন্তির ইতিহাস। মানব সভ্যতা ও সংস্কৃতির মূলশক্তি ‘মাতৃভাষা’ সংরক্ষণে সালাম, রফিক, বরকত, জব্বারসহ সকল বাঙ্গালির ২১শের মহান ত্যাগ হবে একমাত্র দৃষ্টান্ত। এই মহৎ যাত্রায় সকল বাঙ্গালি এবং সকল ভাষাপ্রেমীকে সাথে নিয়েই একুশে একাডেমী অস্ট্রেলিয়া এগিয়ে যেতে বদ্ধপরিকর। একুশে একাডেমী আপনার আমার, তথা আমাদের সকলের সংগঠন। প্রথম আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মৃতিসৌধ এর নির্মাণ সফলতা আমাদের সকলের অনুদানের গৌরবগাঁথায় হয়ে উঠবে সার্বজনীন এটাই একুশে একাডেমী মনে-প্রাণে বিশ্বাস করে।

আপনাদের কাঙ্খিত অনুদান একুশে একাডেমী অস্ট্রেলিয়ার কার্যকরি পরিষদের যে কোন কর্মকর্তার নিকট অথবা সরাসরি সংগঠনের কমনওয়েল্থ ব্যাংকের একাউন্টে (নং ০৬ ২১০৫ ১০২৬ ৪৮৮৮) জমা দিতে পারেন। ব্যাংকে জমা দেয়া রশিদ সংগঠনের নথিতে সংরক্ষণ করার জন্যে সংগঠনের কোষাধ্যক্ষ ডাঃ আব্দুল ওয়াহাব (০৪২১৬৪৭০৭০/৯৭৮৯৬২৫৬)এর কাছে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

একুশে একাডেমী অস্ট্রেলিয়া মহান শহীদদের ত্যাগের প্রতি শ্রদ্ধাকে অটুট রাখার অংগীকারে দল, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সকল বাঙ্গালিকে স্মৃতিসৌধ নির্মাণ ব্যয়ে অনুদান প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করার জন্য সর্বিনয়ে আহ্বান জানাচ্ছে।

নিবেদকঃ নির্মল পাল  
সভাপতি

ফোনঃ ০৪০৩ ১১২ ০২৩/৯৮৬৭২৬৪৪  
email:nirmalpal@optusnet.com.au

ডঃ সুলতান মাহমুদ  
সাধারণ সম্পাদক

ফোনঃ ০৪২১ ৮৯৪ ২২৯/৯৮৯১২০২৭  
email:sharmeen@aapt.net.au